bengalioldsongs.in

মান্না দে

## Manna Dey

কথা :—শ্যামল গুপ্ত        সুর :—শিল্পী

**N 82840** ও আমার মন-যমুনার অঙ্গে অঙ্গে
আমি নিরালায় বসে' বেঁধেছি আমার

(১)

ও আমার মন যমুনার অঙ্গে অঙ্গে
ভাব তরঙ্গে কতই খেলা
বঁধু কি তীরে বসেই নয়নে হেসে
দেখবে শুধু সারা বেলা ॥

ও রূপের মিথ্যে গরব
অমন যদি বিরূপ থাকে
ও গুণের কী দাম বলো
লাজেই যদি আগুন ঢাকে,
কবে আর আসবে সময় বাসবে ভালো
ভাসবে ময়ূরপঙ্খী ভেলা ॥

কী অতো বিচার করা
অবিচারের ভয় করে' যে
কী অতো হিসাব করা
বেহিসাবের ভুল ধরে' যে।

এখনো ডুব না দিলে
করবে সিনান হায় গো কবে
গাগরী ভরার বেলা
অবহেলায় সাঙ্গ হবে,
মনের ঐ সোনা যে হয় আনমনা গো
দিন গোনাতে মাটির ঢেলা ॥*

(২)

আমি নিরালায় বসে' বেঁধেছি আমার
স্মরণ-বীন,
একী, বেদনার মতো বেজেছে আবার
হারানো দিন ॥

ফেলে আসা পথে
কুহেলী আঁচল সরায়ে
দু' চোখে আমার
স্বপন কাজল পরায়ে
তুমি, বিগত ব্যথায় এ ভাঙ্গা হৃদয়
করেছো লীন ॥

ফাগুনে আমার ফিরেছে আবার
হিমেল বায়
আলোর পিছনে লুকানো' ছায়ার
মায়া জড়ায়
কবে চলে গেছ
সে কথা কখন ভুলেছি
ভুল করে শুধু
ফুলের ফসল তুলেছি
তারা, মালা না গাঁথার হেলায়
শুকালো হে উদাসীন ॥*

———শিল্পীর পূর্ব-প্রকাশিত রেকর্ড———

**N 82829** মেঘলা মেয়ে মেঘেরি সাজ পরেছে
আধুনিক একই অঙ্গে এত রূপ



মান্না দে

সুনিপুণ গায়ক ও সুরকার মান্না দে এবার পূজায় যে আধুনিক গান দু'টি পরিবেশন করেছেন তা গীতি-নৈপুণ্যে অনন্যসাধারণ।